# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের সাজদার আয়াত পাঠ করলে সাজদা করার সময় কী বলবে, তার বিবরণ

ذِكْرُ مَا يَدْعُو الْمَرْءُ بِهِ فِي سُجُودِ التِّلَاوَةِ فِي صَلَاتِهِ

আরবী

2757 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ الصَّبَّاحِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ بْنِ خُنَيْسٍ قَالَ: حَدَّثَنِي حَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي يَزِيدَ قَالَ: قَالَ لِيَ ابْنُ جُرَيْجٍ: يَا حَسَنُ حدَّثني جَدُّكَ عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي يَزِيدَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي رَأَيْتُ فِي هَذِهِ اللَّيْلَةِ فِيمَا يَرَى النَّائِمُ كَأَنِّي أُصَلِّي خَلْفَ شَجَرَةٍ فَرَأَيْتُ كَأَنِّي قَرَأْتُ سَجْدَةً فَرَأَيْتُ الشَّجَرَةَ كَأَنَّهَا تَسْجُدُ لِسُجُودِي فَسَمِعْتُهَا وَهِيَ سَاجِدَةٌ وَهِيَ تَقُولُ: اللَّهُمَّ اكْتُبْ لِي عِنْدَكَ بِهَا أَجْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَضَعْ عَنِّي بِهَا وِزْرًا وَاقْبَلْهَا مِنِّي كَمَا تَقَبَّلْتَ مِنْ عَبْدِكَ دَاوُدَ قَالَ: قَالَ ابْنُ عَبَّاسٍ فَرَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأَ السَّجْدَةَ فَسَمِعْتُهُ وَهُوَ سَاجِدٌ يَقُولُ مِثْلَ مَا قَالَ الرجل عن كلام الشجرة.

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2757 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2710).

বাংলা

২৭৫৭. আব্দুল্লাহ বিন আব্বাস আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আজকে রাতে আমি স্বপ্নে দেখেছি যেভাবে মানুষ স্বপ্ন দেখে থাকে। আমি দেখেছি যে, যেন আমি একটি গাছে পেছনে সালাত আদায় করছি। অতঃপর আমি যেন সাজদার আয়াত পড়ছি তারপর আমি দেখলাম, গাছটি যেন আমার মতো সাজদা করছে এবং সাজদাবনত অবস্থায় বলছে: اللَّهُمَّ اكْتُبْ لِي عِنْدَكَ بِهَا أَجْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَضَعْ

عَنِّي بِهَا وِزْرًا وَاقْبَلْهَا مِنِّي كَمَا تَقَبَّلْتَ مِنْ عَبْدِكَ دَاوُدَ (হে আল্লাহ, আপনি আমার জন্য এর বদৌলতে সাওয়াব লিপিবদ্ধ করুন, সেটাকে আপনার কাছে আমার জন্য সঞ্চিত সম্পদে পরিণত করুন। এই সাজদার মাধ্যমে আপনি আমার বোঝা অপসারিত করুন। এটিকে আপনি আমার পক্ষ থেকে গ্রহণ করুন, যেভাবে আপনি আপনার বান্দা দাউদ আলাইহিস সালাম থেকে গ্রহণ করেছিলেন)।”

আব্দুল্লাহ বিন আব্বাস আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তারপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাজদার আয়াত পাঠ করতে দেখেছি। অতঃপর তাঁকে সাজদাবনত অবস্থায় গাছের বলা সেই দু‘আ বলতে শুনেছি, যা স্বপ্নদ্রষ্টা ব্যক্তি বর্ণনা করেছেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৫৬২; তিরমিযী: ৫৭৯; ইবনু মাজাহ: ১০৫৩; বাগাবী: ৭৭১; হাকিম: ১/২১৯-২২০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৭১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92087

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন